# সিভিল সার্ভিস অনুষদ বাছাই নির্দেশিকা, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১৭ (খ) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্র সমাজের প্রয়োজনের সঙ্গে শিক্ষাকে সংগতিপূর্ণ করার জন্য এবং সেই প্রয়োজন সিদ্ধ করার উদ্দেশ্যে যথাযথ প্রশিক্ষণপ্রাপ্ত ও সদিচ্ছাপ্রণোদিত নাগরিক সৃষ্টির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে বিসিএস প্রশাসন ক্যাডারের কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দক্ষ ও যোগ্যতাসম্পন্ন অনুষদ তৈরির নিমিত্ত নিম্নরূপ নির্দেশিকা প্রণয়ন করা হলো:

### ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

(১) এ নির্দেশিকা **'সিভিল সার্ভিস অনুষদ বাছাই নির্দেশিকা, ২০২২'** নামে অভিহিত হবে।
(২) এ নির্দেশিকা অবিলম্বে কার্যকর হবে।

### ২। নির্দেশিকার প্রযোজ্যতা

নির্দেশিকাটি কেবল গভর্নেন্স ইনোভেশন ইউনিট কর্তৃক হার্ভার্ড কেনেডি স্কুলের সহায়তায় আয়োজিত অনুষদ সদস্য উন্নয়ন কার্যক্রমের জন্য প্রযোজ্য হবে।

### ৩। সংজ্ঞার্থ

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে, এ নির্দেশিকায়-
(১) "অনুষদ" অর্থ এ নীতিমালার আওতায় বাছাইকৃত বিসিএস প্রশাসন ক্যাডারের কর্মকর্তাগণের সমষ্টি;
(২) "অনুষদ সদস্য" অর্থ এ নীতিমালার আওতায় গঠিত অনুষদের সদস্য;
(৩) "প্রশিক্ষণ ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান" অর্থ প্রশিক্ষণ, গবেষণা, বুদ্ধিবৃত্তিক কাজ এবং প্রশিক্ষণ ও গবেষণা পরিকল্পনা, নীতি প্রণয়ন ও ব্যবস্থাপনার সঙ্গে নিয়োজিত প্রতিষ্ঠান;
(৪) "বুদ্ধিবৃত্তিক কাজ" অর্থ - প্রশিক্ষণ ও গবেষণা সংশ্লিষ্ট নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন; প্রশাসন ও উন্নয়ন প্রশাসন সংক্রান্ত ধারণা ও কার্যক্রমের বিশ্লেষণ; উদ্ভাবন ও প্রণোদনা সংক্রান্ত নীতিগত কার্যক্রম এবং কর্মজীবন পরিকল্পনা ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট বিষয়সমূহ; এবং
(৫) "সরকার" বলতে জনপ্রশাসন মন্ত্রণালয়কে বুঝাবে।

### ৪। বিসিএস প্রশাসন অনুষদ তৈরির লক্ষ্য ও উদ্দেশ্য

(১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের মানবসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনার প্রয়োজনের নিরিখে দক্ষ ও যোগ্যতাসম্পন্ন অনুষদ তৈরি ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে পদায়ন নিশ্চিত করা।
(২) বিসিএস প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি করা।
(৩) প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণ, গবেষণা ও বুদ্ধিবৃত্তিক কাজের মান উন্নয়ন করা।
(৪) দেশি-বিদেশি সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী, বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য বুদ্ধিবৃত্তিক ও গবেষণা প্রতিষ্ঠানের মধ্যে সমঝোতা স্মারকের মাধ্যমে পারস্পরিক দক্ষতা উন্নয়ন, উদ্ভাবন ও গবেষণার ক্ষেত্র সম্প্রসারণ করা।
(৫) বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও এ জাতীয় সংশ্লেষ রয়েছে এরকম প্রতিষ্ঠানে উক্ত অনুষদ হতে পদায়ন করা।

**৫। অনুষদে অন্তর্ভুক্তির যোগ্যতা**

**(১)** প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কাজ করতে আগ্রহী এরূপ বিসিএস প্রশাসন ক্যাডারের সিনিয়র সহকারী সচিব হতে যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তা যার ন্যূনতম ৭ **(সাত)** বছর চাকরিকাল অবশিষ্ট রয়েছে।

**(২)** বিবেচনাধীন কর্মকর্তার চাকরি সন্তোষজনক হতে হবে। তার চাকরিজীবনের কোনো সময় বিভাগীয়/অন্য কোনোরূপ মামলায় দণ্ডপ্রাপ্ত হলে তিনি অনুষদে অন্তর্ভুক্তির জন্য বিবেচিত হবেন না।

**(৩)** শিক্ষাজীবনের কোনো পর্যায়ে তৃতীয় শ্রেণি অথবা সমমান প্রাপ্ত হলে তিনি এই অনুষদে অন্তর্ভুক্তির জন্য বিবেচিত হবেন না।

**৬। অনুষদ সদস্য বাছাই প্রক্রিয়া**

(১) জনপ্রশাসন মন্ত্রণালয় অনুষদ সদস্য বাছাইয়ের জন্য ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট একটি বাছাই কমিটি গঠন করবে।

(২) নির্দেশনা-৪ এ বর্ণিত লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে বাছাই কমিটি অনুষদ সদস্যের প্রয়োজনীয় চাহিদা নিরূপণ করবে।

(৩) চাহিদা মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয় আবেদন আহবান করবে।

(৪) আগ্রহী প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট ফর্মে প্রমাণকসহ আবেদন করবে।

(৫) বাছাই কমিটি আগ্রহ ও যোগ্যতার ভিত্তিতে অনুষদ সদস্য বাছাই করবে।

(৬) অনুষদ সদস্য বাছাইয়ের মানবণ্টন নিম্নরূপঃ

| ক্রমিক | বিষয় | নম্বর |
|---|---|---|
| ১ | স্নাতক | ২০ (১ম শ্রেণি ২০/২য় শ্রেণি ১৫) |
| ২ | স্নাতকোত্তর | ২০ (১ম শ্রেণি ২০/২য় শ্রেণি ১৫) |
| ৩ | স্নাতকোত্তর ২ (দ্বিতীয় মাস্টার্স) | ৫ |
| ৪ | পিএইচডি | ৫ |
| ৫ | প্রতি প্রকাশনা (পিয়ার রিভিউড জার্নাল/বুক চ্যাপ্টার/কনফারেন্স পেপার) | ১ (সর্বোচ্চ ৫) |
| ৬ | মৌখিক পরীক্ষা (উপস্থাপনা ও প্রশ্নোত্তর) | ৩০ নম্বরের বিভাজন নিম্নরূপঃ<br><br>১৫ উপস্থাপনা<br>১৫ নিম্নোক্ত বিষয়সমূহের উপর প্রশ্নোত্তর -<br>ক) বিষয়ভিত্তিক মৌলিক জ্ঞান-৩<br>খ) ইংরেজি ভাষায় দক্ষতা-৩<br>গ) বিষয় বিশ্লেষণ দক্ষতা-৩<br>ঘ) প্রত্যুৎপন্নমতিত্ব-৩<br>ঙ)সামগ্রিক বিষয়াবলি-৩ |

| | | |
|---|---|---|
| ৭ | প্রশিক্ষণ কেন্দ্র/বুদ্ধিবৃত্তিক/গবেষণা প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা | ২ বছরের উর্ধ্বের জন্য ১০ নম্বর<br>৬ মাস থেকে ২ বছর কর্মকালের জন্য ০৭ নম্বর |
| ৮ | প্রশিক্ষণ/প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সেশন পরিচালনার অভিজ্ঞতা | সর্বোচ্চ ৫ * |
| **সর্বমোট** | | **১০০** |

---

*** বিগত ৩ বছরে ন্যূনতম ১০ টি সেশন সফলভাবে পরিচালনার জন্য সর্বোচ্চ ৫ নম্বর প্রাপ্ত হবেন।**

**৭। অনুষদ সদস্যগণের বাধ্যবাধকতা**

কোনো কর্মকর্তা অনুষদ সদস্য হিসাবে নির্বাচিত হওয়ার পর তাকে "পদায়ন করা হলে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কমপক্ষে ২ (দুই) বছর কাজ করতে বাধ্য থাকব" মর্মে একটি মুচলেকা স্বাক্ষর করতে হবে।

**৮। অনুষদ সদস্যগণের প্রশিক্ষণ**

সরকার প্রয়োজন অনুযায়ী দেশে ও বিদেশে অনুষদ সদস্যগণের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

**৯। অনুষদ সদস্যগণের পদায়ন**

প্রতিষ্ঠানসমূহের চাহিদার পরিপ্রেক্ষিতে অনুষদ সদস্যগণের মধ্য থেকে মেধাক্রমের ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয় পদায়ন করবে।

**১০। অনুষদ সদস্যগণের ভাতা ও অন্যান্য সুবিধা**

কোনো কর্মকর্তা অনুষদ সদস্য হিসাবে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নিয়োজিত হলে সরকার কর্তৃক নির্ধারিত হারে মূল বেতনের অতিরিক্ত ভাতা ও অন্যান্য প্রণোদনা প্রাপ্য হবেন।

**১১। অনুষদ সদস্যগণের তালিকা সংরক্ষণ**

(১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অনুষদ সদস্যগণের তালিকা ও প্রোফাইল নিয়মিত হালনাগাদ করা হবে।

(২) অনুষদ সদস্যগণের গবেষণালব্ধ প্রকাশনাসমূহের লিংক ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

**১২। অনুষদ সদস্য বাছাই ও তদারকি কর্তৃপক্ষ**

জনপ্রশাসন মন্ত্রণালয় অনুষদ সদস্য বাছাই ও তদারকি কর্তৃপক্ষ হিসাবে দায়িত্ব পালন করবে।

**১৩। নির্দেশিকা সংশোধন/পরিমার্জন/অস্পষ্টতা দূরীকরণ**

জনপ্রশাসন মন্ত্রণালয় এই নির্দেশিকার প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন বা প্রযোজ্য ক্ষেত্রে অস্পষ্টতা দূর করবে।

বরাবর,
সচিব/সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়।

**বিষয়: সিভিল সার্ভিস  অনুষদে অন্তর্ভুক্তির আবেদন।**

মহোদয়,

আমি নিম্নস্বাক্ষরকারী বিসিএস প্রশাসন ক্যাডারের …… ব্যাচের কর্মচারী। প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কাজ করার লক্ষ্যে সিভিল সার্ভিস অনুষদে অন্তর্ভুক্তির জন্য নিম্নোক্ত তথ্যসমূহ ও প্রমাণকসহ আবেদন করছি।

**ব্যক্তিগত তথ্য:**

| | | | | |
|---|---|---|---|---|
| নাম: | | ব্যাচ: | | আইডি নং: |
| পদবি: | | ফোন: | | |
| কর্মস্থল: | | ই-মেইল: | | |

**শিক্ষাগত ও প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য:**

| **ক্রমিক** | **বিষয়** | |
|---|---|---|
| ১ | স্নাতক | ☐ ১ম শ্রেণি ☐ ২য় শ্রেণি |
| ২ | স্নাতকোত্তর | ☐ ১ম শ্রেণি ☐ ২য় শ্রেণি |
| ৩ | স্নাতকোত্তর ২ (দ্বিতীয় মাস্টার্স) | (বিশ্ববিদ্যালয়ের নাম ও প্রযোজ্য ক্ষেত্রে থিসিসের শিরোনাম) |
| ৪ | পিএইচডি | (বিশ্ববিদ্যালয়ের নাম ও থিসিসের শিরোনাম) |
| ৫ | প্রকাশনা  (পিয়ার রিভিউড জার্নাল) | ________ (সংখ্যা) |
| ৬ | প্রশিক্ষণ কেন্দ্র/বুদ্ধিবৃত্তিক/গবেষণা প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা | ________বছর |
| ৭ | প্রশিক্ষণ/প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সেশন পরিচালনার অভিজ্ঞতা | ________ (সংখ্যা) |

স্বাক্ষর:
তারিখ:

সংযুক্তি:
১। জীবনবৃত্তান্ত (১ কপি)।

২। প্রযোজ্য প্রমাণকসমূহ।